৭


আজকের কাগজ

তারিখ 17 AUG 1993
পৃষ্ঠা ২ কলাম ৬


# '৯৩-৯৪ সালের জন্যে ৬৬টি গণগ্রন্থাগারে বই কেনা হবে

গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীনস্থ কেন্দ্রিয় বিভাগীয় ও জিলা পর্যায়ের মোট ৬৬টি সরকারি গণগ্রন্থাগারের জন্যে অন্যান্য বছরের ন্যায় ১৯৯৩-৯৪ অর্থ বছরেও বই কেনা হবে। এই জন্যে প্রতিষ্ঠিত পুস্তক প্রকাশক, বিক্রেতা, পরিবেশক ও প্রতিষ্ঠিত লেখকের নিকট হতে ডিসেম্বর ১৯৯২ সন হতে এই পর্যন্ত প্রকাশিত সকল বিষয়ের দেশী ও বিদেশী উভয় প্রকারের পুস্তকের তালিকা আহবান করা হয়েছে। পুস্তকের লেখক, শিরোনাম, প্রকাশকের/ পরিবেশকের নাম ও ঠিকানা, সংস্করণ, প্রকাশকাল, মূল্য ইত্যাদি সম্বলিত তালিকা আগামী ৩০ আগস্ট '৯৩-এর মধ্যে পরিচালক/ প্রধান গ্রন্থাগারিক, গণগ্রন্থাগার অধিদপ্তর, (বাংলাদেশ কেন্দ্রিয় পাবলিক লাইব্রেরী), শাহবাগ, ঢাকা এই ঠিকানায় পৌছাইতে হবে। খবর বিজ্ঞপ্তি।